অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/28/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের জন্য রেকর্ড সৃষ্টিকারী পর্যটন মাইলফলক ঘোষণা করলেন

2023 সালে ঐতিহাসিক 306.3 মিলিয়ন পর্যটক এম্পায়ার স্টেটে বেড়াতে এসেছে, যা নিউ ইয়র্ক স্টেটের ইতিহাসে সর্বোচ্চ

পর্যটন 88 বিলিয়ন মার্কিন ডলার প্রত্যক্ষ ব্যয় এবং 137 বিলিয়ন মার্কিন ডলার মোট অর্থনৈতিক প্রভাব সৃষ্টি করেছে, যা 2022 সালের পূর্বের সর্বোচ্চকে অতিক্রম করেছে

শরতের ভ্রমণ মৌসুমকে সামনে রেখে, 12 সেপ্টেম্বর থেকে আই লাভ নিউ ইয়র্ক শরতের ফলিয়েজের প্রতিবেদন শুরু হতে যাচ্ছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে 2023 সালে নিউ ইয়র্ক রেকর্ড সৃষ্টিকারী 306.3 মিলিয়ন পর্যটককে স্বাগত জানিয়েছে, এবং একই সাথে পর্যটকদের প্রত্যক্ষ ব্যয় এবং স্টেটের পর্যটন শিল্পখাতের সাথে সংশ্লিষ্ট মোট অর্থনৈতিক প্রভাবের ক্ষেত্রে নতুন ঐতিহাসিক সর্বোচ্চ সৃষ্টি করেছে। নিউ ইয়র্ক স্টেটের পর্যটকেরা প্রত্যক্ষভাবে রেকর্ড সর্বোচ্চ 88 বিলিয়ন মার্কিন ডলার ব্যয় করেছে, এবং পুরো স্টেটে ঐতিহাসিক 137 বিলিয়ন মার্কিন ডলার মোট অর্থনৈতিক প্রভাবকে সমর্থন করেছে। বহু বছর ধরে চলে আসা একটি জনপ্রিয় মৌসুমী পর্যটন আকর্ষণ এবং অর্থনৈতিক চালিকাশক্তি, গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারে (Great New York State Fair) গভর্নর ঘোষণাটি করেন। টুরিজম ইকোনমিক্সের (Tourism Economics) প্রস্তুত করা প্রতিবেদনের একটি সিরিজে সংকলিত এই ডেটা 2022 সালে রেকর্ড সৃষ্টি করা সংখ্যার উল্লেখযোগ্য বৃদ্ধির চিত্র তুলে ধরে, এবং এটি কোভিড-19 মহামারীর পূর্বে অর্জিত সর্বোচ্চ সংখ্যা থেকে অনেক বেশি।

"নিউ ইয়র্ক স্টেটের একটি প্রতিশব্দ পর্যটন; এটি আমাদের অত্যন্ত বৈচিত্র্যময় স্টেটের বুনন, ইতিহাস, এবং অর্থনীতির একটি অংশ," **গভর্নর হোকল বলেন।** "শরতের ফলিয়েজ এবং ভ্রমণের মৌসুম আসন্ন, তাই আমরা যেকোনো সময়ের থেকে বেশি পর্যটককে স্বাগত জানাচ্ছি, এবং তাদের উপস্থিতি স্টেটের প্রতিটি কোণায় ব্যবসা ও সম্প্রদায়কে সমর্থন করছে।"

গত বছর, পর্যটনের মোট স্টেটব্যাপী অর্থনৈতিক প্রভাব রেকর্ড সর্বোচ্চ 137 বিলিয়ন মার্কিন ডলারে পৌঁছায়, যা 2022 সালের তুলনায় 11 শতাংশ বৃদ্ধি পেয়েছে। এছাড়াও পর্যটকদের প্রত্যক্ষ

ব্যয় 2022 সালের 78.6 বিলিয়ন মার্কিন ডলার থেকে প্রায় 12 শতাংশ বৃদ্ধি পেয়ে 2023 সালে 88 বিলিয়ন মার্কিন ডলার হয়েছে, যার ফলে ধারাবাহিক তৃতীয় বছরের মতো দুই অংকের বৃদ্ধি হলো। এছাড়াও নিউ ইয়র্ক স্টেটে বেড়ানোর সংখ্যা পাঁচ শতাংশ বৃদ্ধি পেয়ে 2022 সালের 291.5 মিলিয়ন থেকে 306.3 মিলিয়ন ভ্রমণকারী হয়েছে। পাশাপাশি, পর্যটন দ্বারা সৃষ্ট স্টেটের ও স্থানীয় কর মুনাফা নিউ ইয়র্ক স্টেটের গৃহস্থালির জন্য গড়ে 1,420 মার্কিন ডলার কর সাশ্রয় করেছে।

টুরিজম ইকোনমিক্সের প্রতিবেদনগুলি শিল্পখাতের স্টেটব্যাপী এবং আঞ্চলিক গুরুত্বের বিস্তারিত প্রদান করে এবং তুলে ধরে যে নিউ ইয়র্ক স্টেটের একটি শীর্ষ গন্তব্য হওয়া বজায় থাকার পাশাপাশি মহামারী পরবর্তী পরিবেশে ভ্রমণের চাহিদা বলীয়ান রয়েছে। স্টেটের 11 টি অবকাশ অঞ্চলের প্রত্যেকটিতে প্রবৃদ্ধি বজায় আছে, এবং ফিঙ্গার লেকস, গ্রেটার নায়াগ্রা অঞ্চল, লং আইল্যান্ড এবং নিউ ইয়র্ক সিটিতে পর্যটকদের করা ব্যয় 10 শতাংশের বেশি বৃদ্ধি পেতে দেখা গিয়েছে। যদিও নিউ ইয়র্কের ভ্রমণ অর্থনীতিতে অভ্যন্তরীণ পর্যটকেরাই বেশি ব্যয় করে থাকে, তবে কানাডিয়ান এবং বিদেশের পর্যটকদের ব্যয়ের প্রবৃদ্ধি অভ্যন্তরীণ ভ্রমণকারীদের থেকে বেশি।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "গভর্নর হোকলের অধীনে পর্যটন শিল্পখাতে নিউ ইয়র্ক স্টেটের কৌশলী বিনিয়োগ লভ্যাংশ সৃষ্টি করা অব্যাহত রেখেছে এবং সারা বিশ্ব থেকে আগত আরো অতিথিকে আমাদের স্টেটে আমরা স্বাগত জানাচ্ছি।সর্বশেষ সংখ্যা প্রদর্শন করে যে নিউ ইয়র্ক স্টেট এবং এর অনন্য আকর্ষণসমূহ এখনো সারা বিশ্বের পর্যটকদের আকৃষ্ট করে যাচ্ছে, যা আঞ্চলিক ও স্টেটব্যাপী অর্থনৈতিক প্রবৃদ্ধির প্রসারে সাহায্য করে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের ভাইস প্রেসিডেন্ট এবং পর্যটনের নির্বাহী পরিচালক রস ডি লিভাই বলেন, "কোনো কোনো অভিজ্ঞ ব্যক্তির আশঙ্কা ছিল যে একটি কোভিড পরবর্তী পর্যটন বুদ্‌বুদ সৃষ্টি হবে এবং 2022 সালেই মানুষ ভ্রমণের জন্য তাদের জমে থাকা ইচ্ছা পূরণ করে ফেলবে, কিন্তু নিউ ইয়র্ক স্টেটের পর্যটন 2023 সালেও কম হয়নি এবং বেড়ানো, ভ্রমণকালীন ব্যয়, অর্থনৈতিক প্রভাব এবং কর সৃষ্টির ক্ষেত্রে রেকর্ড সর্বোচ্চে পৌঁছানোর মাধ্যমে সকল প্রত্যাশাকে অতিক্রম করেছে। এইসব সাফল্য পুরো স্টেটের পর্যটন শিল্পখাতের সামগ্রিক কাজের প্রতি একটি শ্রদ্ধাঞ্জলি যা নিউ ইয়র্ককে ভালোবাসা কতটা সহজ সেই অভিজ্ঞতা গ্রহণ করার জন্য ভ্রমণকারীদের উৎসাহিত করতে সৃজনশীলতা, ইচ্ছাশক্তি এবং সংস্থানের উপলভ্যতা প্রদর্শন করে।"

স্টেটের মুখ্য অর্থনৈতিক চালিকাশক্তিগুলির একটি, নিউ ইয়র্কের পর্যটন শিল্পখাতকে গভর্নর হোকল সমর্থন করেছেন এবং অগ্রাধিকার প্রদান করেছেন। তার নেতৃত্বের অধীনে বেড়ানো বৃদ্ধি করতে আই লাভ নিউ ইয়র্ক ব্ল্যাক (I LOVE NY Black) ভ্রমণ উদ্যোগের মতো নতুন কর্মসূচির সূচনা হয়েছে, এবং তার ঐতিহাসিক "পর্যটন ফেরত আনুন, কর্মসংস্থান ফেরত আনুন" মহামারী পুনরুদ্ধার প্যাকেজটি ভ্রমণ শিল্পখাতের ব্যবসা ও কর্মচারীদের সমর্থন করেছে এবং স্টেটে নতুন ইভেন্ট নিয়ে এসেছে। গত বছর আঞ্চলিক অর্থনৈতিক বিকাশ পরিষদ (Regional Economic Development Council, REDC) উদ্যোগের মাধ্যমে 59টি পর্যটন প্রকল্প ও ইভেন্টকে প্রায় 15

মিলিয়ন মার্কিন ডলারের মার্কেট নিউ ইয়র্ক (Market New York) অনুদান প্রদান করা হয়েছে। পাশাপাশি, অর্থনৈতিক বিকাশ প্রশাসনের (Economic Development Administration, EDA) পর্যটন অংশীদার সাব-অ্যাওয়ার্ড অনুদান কর্মসূচির (Tourism Partner Sub-Awards Grant Program) মাধ্যমে 30টি স্থানীয় ও আঞ্চলিক গন্তব্যের মার্কেটিং সংগঠনকে 14 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অনুদান প্রদান করা হয়েছে। এছাড়াও গভর্নর স্টেটের পার্ক ও বিমানবন্দরের মতো পর্যটন অবকাঠামোতে ব্যাপক পরিবর্তন নিয়ে আসার মতো উন্নয়নকাজের ঘোষণা করেছেন, এবং একই সাথে পুরো নিউ ইয়র্ক স্টেটে ভ্রমণকে উৎসাহিত করতে সার্বিক আই লাভ নিউ ইয়র্ক (I LOVE NY) মার্কেটিং প্রয়াস ঘোষণা করেছেন।

স্টেটের সিনেটর হোসে এম সেরানো বলেন, "পর্যটন নিউ ইয়র্ক স্টেটের জন্য একটি অত্যাবশ্যকীয় অর্থনৈতিক চালিকাশক্তি, এবং নতুন ডেটা প্রদর্শন করে যে মানুষ স্টেটের অনন্য আকর্ষণসমূহের অভিজ্ঞতা গ্রহণ করার জন্য এখানে বারবার বেড়াতে আসে। সিনেটের সাংস্কৃতিক কর্মকাণ্ড, পর্যটন, পার্ক ও বিনোদন কমিটির (Senate Committee on Cultural Affairs, Tourism, Parks and Recreation) প্রধান হিসেবে এই অতি গুরুত্বপূর্ণ শিল্পখাতে স্টেটের অব্যাহত বিকাশ নিয়ে আমি আনন্দিত, এবং আশা করছি যে এই শরৎকালে আরো বেশি ভ্রমণকারী নিউ ইয়র্কে আসবে ও বেড়াবে।"

অ্যাসেম্বলি সদস্য ড্যানিয়েল ও'ডোনেল বলেন, "পর্যটন, পার্ক,শিল্প, ও ক্রীড়া বিকাশ কমিটির (Committee on Tourism, Parks, Arts, and Sports Development) প্রধান হিসেবে এটি জানাতে পেরে আমি অতি আনন্দিত যে 2023 সালে নিউ ইয়র্ক রেকর্ড সৃষ্টিকারী মাইলফলক অর্জন করেছে। এই অর্জনটি পুরো নিউ ইয়র্ক স্টেটে পর্যটনের বৃদ্ধির প্রতিফলন করে যা পর্যটন শিল্পখাতে কাজ করা সকলের নিবেদিত প্রয়াস এবং নিউ ইয়র্কের পর্যটন খাতকে সমর্থন করা প্রভাবশালী নীতিমালা ব্যতীত সম্ভব হতো না। যদিও গ্রীষ্মকাল শেষ হতে চলেছে, কিন্তু আমাদের শরৎ ও শীতকালের মৌসুমগুলিতে নিউ ইয়র্কে দেখার মতো অনেক কিছু বাকি রয়েছে। একত্রে আমরা একটি শীর্ষ বৈশ্বিক গন্তব্য হিসেবে নিউ ইয়র্কের অবস্থান নিশ্চিত করতে কাজ অব্যাহত রাখবো।"

শরতের ভ্রমণ মৌসুমকে সামনে রেখে আজকের ঘোষণাটি প্রদান করা হয়েছে, মৌসুমটি পুরো স্টেটে ভ্রমণ করার জন্য বাসিন্দা ও পর্যটকদের কাছে সবথেকে জনপ্রিয় সময়গুলির একটি। নিউ ইয়র্ক স্টেটে দেশের দীর্ঘতম ও সবথেকে রঙিন ফলিয়েজের মৌসুম রয়েছে, এখানে পুরো স্টেটের অনন্য ও বৈচিত্র্যময় অঞ্চলসমূহের মৌসুমী আকর্ষণসমূহকে ঘুরে দেখার জন্য সারা বিশ্বের পর্যটকদের স্বাগত জানানো হয়। শরতে একটি ছুটির পরিকল্পনা করতে ভ্রমণকারীদের সাহায্য করার জন্য আই লাভ নিউ ইয়র্ক 12 সেপ্টেম্বর, বৃহস্পতিবার থেকে এর সাপ্তাহিক ফলিয়েজের প্রতিবেদন প্রকাশ শুরু করবে, এরপর পুরো মৌসুমজুড়ে প্রতি বুধবার হালনাগাদ তথ্য প্রকাশ করা হবে।

পুরো স্টেটের 11টি অবকাশ অঞ্চলের 85 জনের বেশি স্বেচ্ছাসেবকের একটি দলের বিভিন্ন অবস্থানের পর্যবেক্ষণকে ব্যবহার করে আই লাভ নিউ ইয়র্কের শরতের ফলিয়েজ প্রতিবেদনটি সাপ্তাহিকভাবে সংকলিত হয়। স্পটারগণ তাদের নিজেদের এলাকায় রঙের পরিবর্তন এবং অধিকাংশ পাতার রঙের বিস্তারিত, মোট পরিবর্তনের শতাংশ, এবং আসন্ন সপ্তাহান্তের জন্য শ্রেষ্ঠ

অবস্থা সংশ্লিষ্ট অগ্রগতি লক্ষ্য করে। যেকোনো মৌসুমে ফলিয়েজের সেরা চেহারাকে শ্রেষ্ঠ অবস্থা হিসেবে গণ্য করা হয়, এবং সাধারণত এটি অবস্থানভেদে সেপ্টেম্বরের শেষের দিক থেকে শুরু করে নভেম্বরের মাঝামাঝি সময়ের মধ্যে হয়ে থাকে।

প্রতিবেদনের অংশ হিসেবে, আই লাভ নিউ ইয়র্কের ওয়েবসাইটের ইন্টারেক্টিভ ফলিয়েজ মানচিত্রটি পুরো মৌসুমজুড়ে সাপ্তাহিক পরিবর্তন ও অগ্রগতি লক্ষ্য করে। মানচিত্রটি দেখার অবস্থান সম্পর্কে সুপারিশ, নির্ধারিত এলাকার শ্রেষ্ঠ ফলিয়েজের উদাহরণ, এবং জনপ্রিয় স্থানীয় ও আঞ্চলিক আকর্ষণ সম্পর্কে তথ্য প্রদান করে। আই লাভ নিউ ইয়র্কের ওয়েবসাইটে এবং দুই মিলিয়নের বেশি ফলোয়ারের কাছে পৌঁছানো ইনস্টাগ্রাম, ফেসবুক, X (পূর্বে টুইটার) এবং থ্রেডসের মতো অফিসিয়াল সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্টসমূহে স্থান পাওয়ার একটি সুযোগের জন্য #NYLovesFall হ্যাশট্যাগ ব্যবহার করে নিজেদের সেরা নিউ ইয়র্ক স্টেটের ফলিয়েজ ছবি শেয়ার করার জন্য ভ্রমণকারীদের আমন্ত্রণ জানানো হচ্ছে।

প্রতিবেদন এবং ইন্টারেক্টিভ ফলিয়েজর মানচিত্র উপলভ্য আছে www.iloveny.com/foliage এ, বা টোলমুক্ত 800-CALL-NYS (800-225-5697) নম্বরে, মার্কিন যুক্তরাষ্ট্রের যেকোনো স্থান, এর অধিভুক্ত এলাকা এবং কানাডা থেকে এখানে ফোন করা যাবে।

শরতের ফলিয়েজ কর্মসূচিটি শরতের পর্যটনের প্রচারে আই লাভ নিউ ইয়র্কের সার্বিক ক্যাম্পেইনের একটি অংশমাত্র, এর মধ্যে একটি আসন্ন টেলিভিশন বিজ্ঞাপন রয়েছে। ভ্রমণকারীরা এই শরৎকালে পুরো স্টেটে তাদের জন্য অপেক্ষা করে থাকা দারুণ সব আকর্ষণ ও কর্মকাণ্ডে অংশগ্রহণ করতে পারবে, যেমন আপেল ও কুমড়ো তোলা থেকে শুরু করে ভূতুড়ে হ্যালোউইন কর্মকাণ্ড, হাইকিং, ক্র্যাফট পানীয়ের ট্রেইল এবং পাথ থ্রু হিস্ট্রি উইকেন্ডের বিশেষ ইভেন্ট, জানুন www.iloveny.com/fall এ।

নিউ ইয়র্কে পর্যটন সম্পর্কে আরো তথ্যের জন্য বা নিউ ইয়র্ক স্টেটে একটি ছুটি কাটানোর পরিকল্পনা করার জন্য, www.iloveny.com ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন